দৈনিক সংবাদ

তারিখ 17 NOV 1998
পৃষ্ঠা ১২ কলাম ৪

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## শিক্ষক ক্যাটাগরির সিন্ডিকেট সদস্য পদে মুক্তিযুদ্ধের সপক্ষের শক্তির জয়লাভ

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্যাটাগরির সিন্ডিকেট সদস্যের দুটি পদে মুক্তিযুদ্ধের সপক্ষের- প্রার্থীরা জয়লাভ করেছেন। তাদের প্রতিদ্বন্দ্বী ছিলেন বিএনপি সমর্থিত 'জাতীয়তাবাদী' প্রার্থীরা।

গতকাল এই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে অর্থনীতি বিভাগের ডঃ ইরশাদ কামাল খান তার প্রতিদ্বন্দ্বী দর্শন বিভাগের মনসুর উদ্দিন আহমদকে ৭ ভোটের ব্যবধানে হারিয়ে জয়লাভ করেছেন। প্রভাষক ক্যাটাগরিতে বায়োকেমিস্ট্রি বিভাগের প্রভাষক ডঃ মুহাম্মদ আবদুল মোতালেব তার প্রতিদ্বন্দ্বী ইনস্টিটিউট অফ মেরিন সায়েন্সের প্রভাষক সায়েদুর রহমানকে ৩৮ ভোটের ব্যবধানে পরাজিত করে জয়লাভ করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এ্যাক্ট ১৯৭৩-এর ২৫(১) (বি) ধারা অনুযায়ী এই নির্বাচন অনুষ্ঠিত হয়।